

কবিতা তো মহাকালী

কবিতা তো সুখ নয়, দুঃখীর বুকে জেগে থাকে,
স্বজন হারানো শোক আঁধার জড়ায় পাকে পাকে।
তারই এক ঝিরুপ --- মহাকালী তার ছদ্ম নাম
মুছে দেয় চরাচর, শূণ্যে নাচে অন্ধকার যাম।
কেউ কাছে আসে কেউ সরে যায় দূর থেকে দূরে
সৃষ্টি বুঝি ভেঙে পড়ে বন্ধোহারে, পায়ের নূপুরে।
বিনাশের পাশে পাশে বিপন্ন মুখের সারি ভাসে--
তারাই কবিতা হয়ে চন্দনের স্মৃতি ভালবাসে।

বেদনা সুগন্ধআনে --- ফিরিয়ে দিয়েছো তুমি তাকে---
কবিতা তো সুখ নয়, দুঃখীর বুকে জেগে থাকে।

অমরেন্দ্র গণাই

